10 JUL 2005

তারিখ ... 09 JUL 2005

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

প্রথম আলো

# কারিগরিতে পাসের হার ৫১.৪৪ ও দাখিলে ৬২.০৫ শতাংশ

বিশেষ প্রতিনিধি

সাত শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসির পাশাপাশি গতকাল শনিবার কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি (ভোকেশনাল) এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকার অধীনে অনুষ্ঠিত এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় পাসের হার ৫১ দশমিক ৪৪ শতাংশ।

এরপর পৃষ্ঠা ১৩

## কারিগরিতে পাসের হার

প্রথম পৃষ্ঠার পর

তবে জিপিএ-৫ পেয়েছে মাত্র চারজন।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকার অধীনে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় পাসের হার ৬২ দশমিক ০৫ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৬৪১ জন।

দাখিল পরীক্ষার চারটি গ্রুপে এ বছর মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৬০ হাজার ৪৯০ জন। এর মধ্যে পরীক্ষা দিয়েছে ১ লাখ ৫৬ হাজার ৮১৫ জন। অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৯২ হাজার ৯৯ জন ছেলে এবং ৬৪ হাজার ৭১৬ জন মেয়ে। পাস করেছে মোট ৯৭ হাজার ৩০৬ জন। এর মধ্যে ৬০ হাজার ৪৯৪ জন ছেলে এবং ৩৬ হাজার ৮১২ জন মেয়ে। আলাদাভাবে ছেলেদের পাসের হার ৬৫ দশমিক ৬৮ শতাংশ। মেয়েদের ৫৬ দশমিক ৮৮ শতাংশ।

দাখিল পরীক্ষায় মোট জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৬৪১ জন। এর মধ্যে ছেলে ১ হাজার ৪২৩ জন এবং মেয়ে ২১৮ জন।

এ বছর কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৩৫ হাজার ৭৭৯ জন। এর মধ্যে বিভিন্ন গ্রেডে পাস করেছে ১৮ হাজার ৪০৩ জন। পরীক্ষার্থীদের ২৫ হাজার ১৪ জন ছেলে। এদের মধ্যে পাস করেছে ১৩ হাজার ৪৪ জন। ছেলেদের পাসের হার ৫২ দশমিক ১৫ শতাংশ। ছেলেদের মধ্যে তিনজন জিপিএ-৫ পেয়েছে।

মেয়ে পরীক্ষার্থী ছিল ১০ হাজার ৭৬৫ জন। এদের মধ্যে বিভিন্ন গ্রেডে পাস করেছে ৫ হাজার ৩৫৯ জন। মেয়েদের পাসের হার ৪৯ দশমিক ৭৮ শতাংশ।

এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে এ বছর ২৭টি বিভিন্ন ট্রেডে দেশের ১১টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ৬৪টি কারিগরি স্কুল অ্যান্ড কলেজ, ৩০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, একটি গ্লাস অ্যান্ড সিরামিক ইনস্টিটিউট এবং ৮৪৪টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সহ মোট ৯৫০টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে পরীক্ষার্থীরা অংশ নেয়।